15

দৈনিক বাংলা

তারিখ 07 AUG 1991
পৃষ্ঠা ২ কলাম ৪

(৩০)

# ছাত্র সংঘর্ষে আহত ২০ : ভিক্টোরিয়া কলেজ বন্ধ

।।নিজস্ব সংবাদদাতা।।

কুমিল্লা, ৬ই আগস্ট।–আজ কুমিল্লায় ছাত্রলীগ (শা–অ) ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষে ২০ জন আহত হয়েছে। এদের মধ্যে ৪ জনকে কুমিল্লা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

সরকারী ভিক্টোরিয়া কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

জানা গেছে, গত সোমবার রাতে ভিক্টোরিয়া কলেজ ডিগ্রী হোস্টেলে একজন ছাত্রদল কর্মী প্রহৃত হয়। এ ঘটনার জের হিসাবে আজকে সংঘর্ষ ঘটে।

ভিক্টোরিয়া কলেজ ডিগ্রী শাখা ও উচ্চ মাধ্যমিক শাখায় সকালে ও দুপুরে দুই দফা সংঘর্ষ হয়। পরে একদল ছাত্র ছাত্র সংসদ কার্যালয় ও মিলনায়তনে

(শেষ পৃঃ ১–এর কঃ দ্রঃ)

**ছাত্র সংঘর্ষে** (প্রথম পৃষ্ঠার পর)

মিলনায়তনে হামলা চালিয়ে চেয়ার টেবিল ও অন্যান্য আসবাবপত্র ভাঙচুর করে।

আজ সন্ধ্যায় ছাত্রলীগ ও ভিক্টোরিয়া কলেজ ছাত্র সংসদ এক সাংবাদিক সম্মেলনে এসব ঘটনার জন্য ছাত্র দলকে দায়ী করে।

ভিক্টোরিয়া কলেজ অধ্যক্ষ জানান, কলেজ বন্ধ ঘোষণা করা হলেও বিভিন্ন পরীক্ষা যথারীতি চলবে।